ভোরের কাগজ

তারিখ ... Jul 30 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

ছাত্র সংসদ নির্বাচনে পাল্টা প্যানেল

# কুষ্টিয়া কলেজে ছাত্রদলের কার্যক্রম স্থগিত

## ১০ নেতাকে বহিষ্কার

কুষ্টিয়া প্রতিনিধি : কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে ছাত্রদল তাদের ১০ নেতাকে বহিষ্কার, কলেজ ছাত্রদলের কার্যক্রম স্থগিত ও নির্বাচন বর্জনের ঘোষণা দিয়েছে। এদিকে বহিষ্কৃত নেতাদের গ্রুপটি মনোনয়নপত্র দাখিল করে নির্বাচনে অংশগ্রহণ করছে।

গত ২৭ জুলাই ছিল মনোনয়নপত্র দাখিলের দিন। এদিন জেলা ছাত্রদলের কর্মীরা তাদের মনোনীত একটি প্যানেল জমা দিতে গেলে কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা বাধা দেয়। এ সময় ধাওয়া-পাল্টা ধাওয়া হয় তাদের মধ্যে। এক পর্যায়ে জেলা ছাত্রদলের মনোনীত প্যানেলটি তারা জমা দিতে ব্যর্থ হয়ে ফিরে আসে। কলেজ ছাত্রদল গামা-অপু পরিষদ দাখিল করে জেলা ছাত্রদলের সিদ্ধান্তের বাইরে।

এ অবস্থায় মঙ্গলবার গভীর রাতে জেলা ছাত্রদল কলেজ ছাত্রদলের আহ্বায়ক গামা, যুগ্ম আহ্বায়ক অপুসহ ১০ জন ছাত্রদল নেতাকে বহিষ্কার, অনির্দিষ্টকালের জন্য কলেজ ছাত্রদলের সকল কার্যক্রম স্থগিত ও ছাত্র সংসদ নির্বাচন বর্জনের ঘোষণা দেওয়া হয়। এ বহিষ্কারের কারণে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল আরো চাঙা হয়ে উঠলো। শহর ছাত্রদলের কমিটি গঠন নিয়েও চরম দ্বন্দ্ব রয়েছে।

অপরদিকে ছাত্রলীগের পক্ষ থেকে সজল-কর্নেল পরিষদ জমা পড়ার পর ছাত্রলীগ নেতাদের কর্নেল-সুমন নামেও একটি স্বতন্ত্র প্যানেল জমা পড়ে।